# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৫-২০১৬/৩৪৭(১২৫০) তারিখঃ ০১-১০-২০১৫

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক গ্রাহকদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা নোটের বিনিময়মূল্য প্রদান এবং ধাতব মুদ্রা বিনিময় প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট(ইস্যু প্রশাসন শাখা), প্রধান কার্যালয়, ঢাকা এর ০৭-০৯-২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার নং-০৮/২০১৫ এর নির্দেশনা সকলের অবগতি ও যথাযথ পরিপালন/অনুসরণের জন্য হুবহু মুদ্রণপূর্বক এতদ্‌সংগে প্রেরণ করা হলো(কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রে উল্লেখিত ডিসিএম পরিপত্র নং-০১ ও পরিপত্র নং-ইহিশাঃ ২৩(পলিসি)/২০১৩-১৫ তারিখ যথাক্রমে ০৪-০৬-২০১৪ ও ১৪-০১-২০১৩ এর নির্দেশনা মোতাবেক মাঠ পর্যায়ের সকল শাখা/কার্যালয় কর্তৃক ধাতব মুদ্রা সংরক্ষণের পাশাপাশি গ্রাহকদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা নোটের বিনিময়মূল্য প্রদান করার জন্য গত ১৫-০৬-২০১৪ তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-৩(৩৩)/২০১৩-২০১৪/২০৭৮(১২৫০) ও ২৯-০১-২০১৩ তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১২-২০১৩/১৩২২(১২০০) মূলে অত্র বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

০৩। আলোচ্য বিষয়ে উপরোক্ত নির্দেশনা দেয়া সত্ত্বেও বাংলাদেশ ব্যাংকের ডিসিএম সার্কুলার নং-০৮/২০১৫ তারিখ ০৭-০৯-২০১৫ মোতাবেক জানানো হয়েছে যে, ব্যাংকের শাখাগুলো কর্তৃক জনসাধারণের নিকট হতে নিম্নমূল্যমানের নোট গ্রহণ এবং ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান করা হচ্ছে না। এছাড়াও জনসাধারণের নিকট হতে ধাতব মুদ্রা গ্রহণ এবং অনেক ক্ষেত্রে জনসাধারণের মাঝে ধাতব মুদ্রা বিতরণ করা হচ্ছে না। ফলশ্রুতিতে জনসাধারণ বিড়ম্বনার সম্মুখীন হচ্ছেন এবং তাঁদের স্বাভাবিক আর্থিক লেনদেন বিঘ্নিত হচ্ছে।

০৪। এমতাবস্থায়, জনসাধারণের স্বাভাবিক ও সুষ্ঠু লেনদেন অব্যাহত রাখার স্বার্থে তাঁদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহণ, বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান, ধাতব মুদ্রা গ্রহণ এবং বিতরণের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো।

০৫। উপরোক্ত নির্দেশনা শাখাসমূহ কর্তৃক যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৬। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত,

অনুমোদনক্রমে-

(এ,আর,এম আনিস উজজামান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৫-২০১৬/৩৪৭(১২৫০) তারিখঃ ০১-১০-২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। সকল উপ-মহব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। উপ-মহব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/মহানথি।

০১/১০. ১৫

(মোঃ শাহজাহান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৮৭২৩৬

Shajahan-agm-bcbd-A4/M-2

৫০১১৯

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট,
(ইস্যু প্রশাসন শাখা)

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিসিএম সার্কুলার নং- ০৮/২০১৫

উমব্য-প্রনিবি-১/প্রনিবি-২/এনিবি/হিসাব শাখা/
বৈদেশিক-২/পরিদর্শন/গবেষণা/ ...

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

মহাব্যবস্থাপক,
নিরীক্ষা ও অভ্যন্তরীন নিয়ন্ত্রন মহাবিভাগ

প্রিয় মহোদয়

তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক গ্রাহকদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে
<u>সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা নোটের বিনিময়মূল্য প্রদান এবং ধাতব মুদ্রা বিনিময় প্রসঙ্গে।</u>

শিরোনামে বিষয়ে অত্র বিভাগের ০৪/০৬/২০১৪ তারিখের ডিসিএম পরিপত্র নং-০১, ১৪/০১/২০১৩ তারিখের পরিপত্র নং-ইং/হিঃ ২৩(পলিসি)/২০১৩-১৫ এবং ২১/০৭/২০১৪ তারিখে অনুষ্ঠিত ব্যাংকার্স সভার কার্যপত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত পরিপত্র এবং কার্যপত্রের মাধ্যমে সকল তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক জনসাধারণের নিকট হতে মূল্যমান নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহণ, ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান এবং জনসাধারণের মাঝে ধাতব মুদ্রা সরবরাহের নির্দেশনা প্রদান করা হয়েছে।

কিন্তু বিভিন্ন পত্র-পত্রিকা, ব্যক্তিগত অভিযোগপত্র এবং ফোনের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ হতে প্রতিভাত হচ্ছে যে, তফসিলী ব্যাংকের শাখাগুলো কর্তৃক জনসাধারণের নিকট হতে নিম্ন মূল্যমানের নোট গ্রহণ এবং ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান করা হচ্ছে না। এছাড়া জনসাধারণের নিকট হতে ধাতব মুদ্রা গ্রহণ এবং অনেক ক্ষেত্রে জনসাধারণের মাঝে ধাতব মুদ্রা বিতরণও করা হচ্ছে না। ফলে নিম্ন মূল্যমানের নোট, ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোট এবং ধাতব মুদ্রা বিনিময়ের ক্ষেত্রে জনসাধারণ বিড়ম্বনার সম্মুখীন হচ্ছেন বা তাঁদের স্বাভাবিক অর্থনৈতিক লেনদেনে বিঘ্ন সৃষ্টি করছে।

জনসাধারণের স্বাভাবিক ও সুষ্ঠু লেনদেন অব্যাহত রাখার স্বার্থে তাঁদের নিকট হতে মূল্যমান নির্বিশেষে সকল প্রকার নোট গ্রহণ, বিধি মোতাবেক ছেঁড়া-ফাটা ও ময়লাযুক্ত নোটের বিনিময়মূল্য প্রদান, ধাতব মুদ্রা গ্রহণ এবং বিতরণের বিষয়টি নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশনা লঙ্ঘিত হলে সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে বিধি-মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

আপনাদের বিশ্বস্ত

(পরিমল চন্দ্র চক্রবর্তী)
উপমহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২৩২

মহাব্যবস্থাপক : নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ
ডাইরী নং : 252
বিলির তারিখ :
স্বাক্ষর

১৬৬